

# যুগান্তর

প্রিন্ট: ১১ সেপ্টেম্বর ২০২৫, ০৩:৩৭ পিএম

## শিক্ষাজ্ঞন

# চাকসু নির্বাচনে 'রেভুলেশন ফর স্টেট' অব হিউম্যানিটি' প্যানেল ঘোষণা



চবি প্রতিনিধি

প্রকাশ: ২০ সেপ্টেম্বর ২০২৫, ০৯:৪৮ পিএম



আরও দেখুন

Online food magazine

Bangla news app

Rupali e-newspaper

Trainer's satkarta

E-newspaper

News app

Newspaper delivery

ছবি: যুগান্তর

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) নির্বাচনে ‘রেভ্যুলেশন ফর স্টেট’ অব হিউম্যানিটি’ নামে পাঁচ সদস্যের একটি প্যানেল ঘোষণা করেছে ‘বিশ্ব ইনসানিয়াত বিপ্লব স্টুডেন্ট ফ্রন্ট’।

শনিবার (২০ সেপ্টেম্বর) দুপুর ১২টার দিকে চাকসু ভবনের সামনে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এ প্যানেল ঘোষণা করেন সংগঠনটির শাখা সভাপতি জুয়েনা সুলতানা।

এতে সহ-সভাপতি (ভিপি) পদে নির্বাচন করবেন সংগঠনটির শাখা সাধারণ সম্পাদক ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা ইনসিটিউটের ২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থী কেফায়েত উল্লাহ। সাধারণ সম্পাদক (জিএস) পদে নির্বাচন করবেন সংগঠনটির শাখা সাংগঠনিক সম্পাদক ও নাট্যকলা বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী কাজী শাহরিয়ার উল্লাহ। যুগ্ম-সাধারণ সম্পাদক (এজিএস) পদে নির্বাচন করবেন সংগঠনের অর্থ সম্পাদক ও হিসাববিজ্ঞান বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী জোনায়েদ শিবলী।

এছাড়া দপ্তর সম্পাদক পদে নির্বাচন করবেন সংগঠনটির দপ্তর সম্পাদক ও ফাইন্যান্স বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী তাহসীন কারিমুল ইসলাম। এবং যোগাযোগ ও আবাসন বিষয়ক সম্পাদক পদে নির্বাচন করবেন সংগঠনটির সাংস্কৃতিক সম্পাদক ও ইংরেজি বিভাগের ২০২২-২৩ শিক্ষাবর্ষের শিক্ষার্থী সাবিহা তাহসিন শ্রীজা।

এ সময় নেতারা জানান, পাঁচ পদের এই প্যানেলেই তারা চাকসুতে অংশগ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন। তবে যোগ্য কোনো প্রার্থী তাদের প্যানেলে অংশগ্রহণ করতে চাইলে সাংগঠনিকভাবে সিদ্ধান্ত নেবেন তারা।